দৈনিক সংবাদ

তারিখ 27 SEP 1995

পৃষ্ঠা ২ কলাম ৬

138

## শিক্ষক সমিতির সম্মেলন ১২ ও ১৩ই অক্টোবর

আগামী ১২ ও ১৩ই অক্টোবর ঢাকায় কেএল জুবিলী স্কুল ও কলেজ প্রাঙ্গণে বাংলাদেশ শিক্ষক সমিতির সপ্তম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে প্রধান অতিথি থাকবেন অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী এবং বিশেষ অতিথি থাকবেন ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন। আশা করা যাচ্ছে সারাদেশ থেকে দু'হাজারেরও বেশি প্রতিনিধি ও পর্যবেক্ষক উপস্থিত থাকবেন।

এর পরপরই একই স্থানে ১৪ ও ১৫ই অক্টোবর সার্ক শিক্ষক সমিতির সভাপতি মোঃ কামরুজ্জামানের সভাপতিত্বে সার্ক শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতির প্রতিনিধিসহ ভারত, পাকিস্তান, নেপাল ও শ্রীলংকার বিভিন্ন শিক্ষক সংগঠনের প্রতিনিধিবৃন্দ যোগদান করবেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।